গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

অক্টোবর/২০২২ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ১৩/১০/২০২২, সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট "ক" |
| সভাপতি | : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় সেপ্টেম্বর/২০২২ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।
০১। স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ): সেপ্টেম্বর / ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। প্রকৌশল বিভাগ (এলজিইডি): উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিম্নে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি (থোক বরাদ্দ) খাতে ১ম কিস্তিতে ১৭.৪০ লক্ষ টাকা পাওয়া গিয়েছে। এরূপ চার কিস্তিতে ১৭.৪০×৪=৬৯.৬০ লক্ষ টাকা পাওয়ার সম্ভাবনা রয়েছে। মন্ত্রণালয়ের নীতিমালা অনুযায়ী প্রাপ্ত বরাদ্দের ১০% অতিরিক্ত টাকার স্কীম গ্রহণ করার বিধান রয়েছে। তিনি জানান এডিপি (থোক বরাদ্দ) তহবিলে (৬৯.৬০+৬.৯৬)=৭৬.৫৬ লক্ষ টাকা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) রাজস্ব উদ্বৃত্ত তহবিলে ৬,৫৬,৯৪,৬০১.২৪ টাকা জমা রয়েছে। তিনি বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাত এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচী (রাজস্ব উদ্বৃত্ত) খাত হতে ২০২২-২০২৩ অর্থ বছরে স্কীম সংশ্লিষ্ট সকলকে দাখিল করার জন্য পুনরায় অনুরোধ করেন।

সিদ্ধান্ত-১: সভায় এ ব্যাপারে কোন সিদ্ধান্ত গৃহিত হয়নি।

প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়গণের অফিসকক্ষ মেরামত বাবদ আলাদা (২+২)=৪ (চার) লক্ষ টাকার প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত-২: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের চাহিদা পত্রের ভিত্তিতে প্রাক্কলনের প্রাক্কলিত (২+২)=৪ (চার) লক্ষ টাকা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। প্রাক্কলনটি অনুমোদন করে আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৩: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখা এর স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৫.১৮.১৯৮.২২.৪৭ তারিখঃ ১৯ জুলাই ২০২২ মূলে সিলেট জেলার দক্ষিণ সুরমা "উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও অডিটরিয়াম ভবন মেরামত ও রং এর কাজ" প্রকল্প ১৯,৯৫,০০০/- (উনিশ লক্ষ পঁচানব্বই হাজার) টাকা ব্যয়ে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। তিনি জানান পিপিআর অনুযায়ী ই-জিপি টেন্ডার (LTM) পদ্ধতির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত-৩: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। স্থানীয় সরকার মন্ত্রণালয়ের পত্রের আলোকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে পিপিআর অনুযায়ী ই-জিপি টেন্ডার (LTM) পদ্ধতির মাধ্যমে কাজটি বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং দ্রুত টেন্ডার কাজ সম্পন্ন করতঃ কাজটি বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৪: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,

(ক) উপজেলা পরিষদের হাত ধোয়ার বেসিনের পানির লাইনের লিকেজ জরুরী মেরামত বাবদ=৮২০/-(আটশত বিশ) টাকা খরচ হয়েছে।

(খ) উপজেলা গেজেটেড কোয়াটারে পানির লিকেজ জরুরী মেরামত ১৪৬০/- (এক হাজার চারশত ষাট) টাকা খরচ হয়েছে।

(গ) উপজেলা পরিষদের কক্ষ নং-১০৭ (চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়ের সি/এ) এর বাথরুমের লো ডাউন ফ্লাস ট্যাংকি, নষ্ট পানির লাইন মেরামত, বেসিনের পিলার কর্ক পরিবর্তন বাবদ=১০৪৫০/- (দশ হাজার চারশত পঞ্চাশ) টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয়।

(ঘ) উপজেলা পরিষদের অডিটরিয়ামের ৭টি সিলিং ফ্যান মেরামত বাবদ=১০৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা খরচ হয়েছে।

(ঙ) আনসার সদস্যদের বাসস্থান নির্মাণের টেন্ডার পত্রিকায় প্রকাশিত বিল বাবদ =৩৮,৬৩০/- (আটত্রিশ হাজার ছয়শত ত্রিশ) টাকা পরিশোধের জন্য উপস্থাপন করেন।

(চ) জেলা প্রশাসকের কার্যালয়ের গোপনীয় শাখার ১৮ সেপ্টেম্বর ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০২২ (অংশ-২)-১৯৭ নম্বর স্মারকে সামাজিক-সম্প্রীতি কমিটির কার্য সম্পাদনের ব্যয় বাবদ বাৎসরিক ২৫,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার নির্দেশনার প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিস কর্তৃক সামাজিক-সম্প্রীতি সমাবেশ আয়োজনে ব্যয়িত ১০,০০০/-(দশ হাজার) টাকা খরচের বিষয়টি সভায় উপস্থাপন করা হয়।

(ছ) উপজেলা নির্বাহী অফিস কর্তৃক শেখ কামাল ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এর জন্ম বার্ষিকী উদযাপন উপলক্ষে ৭,০০০/-(সাত হাজার) টাকা খরচের বিষয়টি সভায় উত্থাপন করা হয়।

(জ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির লাইনের ফিটিংস বাবদ ১,৩৫০/-(এক হাজার তিনশত পঞ্চাশ) টাকা খরচ হয়েছে।

(ঝ) উপজেলা পরিষদের মিলনায়তন এবং সভা কক্ষের জন্য মাইক এবং কর্ডলেস ক্রয় বাবদ ২৮,০০০/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।

(ঞ) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিস কক্ষে আকাশ ডীস লাইন স্থাপন বাবদ ৬,০০০/- (ছয় হাজার) টাকা খরচ হয়েছে।

সিদ্ধান্ত-৬: (ক) সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা পরিষদের হাত ধোয়ার বেসিনের পানির লাইনের লিকেজ জরুরী মেরামত বাবদ=৮২০/-(আটশত বিশ) টাকা ব্যয়ের বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) উপজেলা গেজেটেড কোয়াটারে পানির লিকেজ জরুরী মেরামত বাবদ ১৪৬০/- (এক হাজার চারশত ষাট) টাকা ব্যয়ের বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) উপজেলা পরিষদের কক্ষ নং-১০৭ (চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়ের সি/এ) এর বাথরুমের লো ডাউন ফ্লাস ট্যাংকি, নষ্ট পানির লাইন মেরামত, বেসিনের পিলার কর্ক পরিবর্তন বাবদ ১০৪৫০/- (দশ হাজার চারশত পঞ্চাশ) টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

(ঘ) উপজেলা পরিষদের অডিটরিয়ামের ৭টি সিলিং ফ্যান মেরামত বাবদ ১০৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) আনসার সদস্যদের বাসস্থান নির্মাণের টেন্ডার পত্রিকায় প্রকাশিত বিল বাবদ ৩৮,৬৩০/- (আটত্রিশ হাজার ছয়শত ত্রিশ) টাকা রাজস্ব তহবিল হতে ব্যয় মিটানোর জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) সামাজিক সম্প্রীতি সমাবেশ আয়াজন বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকা ব্যয়ের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ) শেখ কামাল ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব জন্ম বার্ষিকী উদযাপন উপলক্ষে ৭,০০০/-(সাত হাজার) টাকা ব্যয়ের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় রাজস্ব খাতের দিবস উদযাপন খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

(জ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির লাইনের ফিটিংস বাবদ ১,৩৫০/-(এক হাজার তিনশত পঞ্চাশ) টাকা ব্যয়ের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঝ) উপজেলা পরিষদের মিলনায়তন এবং সভা কক্ষের জন্য মাইক এবং কর্ডলেস ক্রয় বাবদ ২৮,০০০/- টাকা ব্যয়ের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঞ) উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিস কক্ষে আকাশ ডীসলাইন স্থাপন বাবদ ৬,০০০/- (ছয় হাজার) টাকা ব্যয়ের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

**০৩। প্রকল্প বাস্তবায়ন বিভাগ** : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

**০৪। স্বাস্থ্য বিভাগ** : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, দক্ষিণ সুরমা উপজেলার ৫-১১ বছর বয়সের শিশুদের জন্য পেডিয়াট্রিক ফর্মুলেশন ফাইজার বায়োএনটেক comirnaty কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান করা হবে। উক্ত ভ্যাকসিন কার্যক্রমে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৫। **পরিবার পরিকল্পনা বিভাগ** : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৬। **কৃষি বিভাগ** : উপজেলা কৃষি অফিসার সভায় উপজেলা পরিষদের অর্থায়নে ১০০০০০/- (এক লক্ষ পাঁচ হাজার) টাকার সরিষার বীজ বা তৈল জাতীয় বীজ ক্রয় করে উপজেলার পতিত জমির মালিক/চাষীদের মধ্যে বিনামূল্যে বিতরণের প্রস্তাব রাখেন। তিনি আরো জানান যে, এ বিষয়ে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে সরিষার বীজ বা তৈল জাতীয় বীজ ক্রয় করে উপজেলার পতিত জমির মালিক/চাষীদের মধ্যে বিনামূল্যে বিতরণের নির্দেশনা রয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় কৃষি কাজে কৃষকদেরকে উৎসাহ প্রদানের নিমিত্ত শ্রেষ্ঠ/ সফল সরিষা চাষীকে পুরস্কার প্রদানের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে ১০০০০০/- (এক লক্ষ পাঁচ হাজার) টাকার সরিষার বীজ বা তৈল জাতীয় বীজ ক্রয় করে চেয়ারম্যান, উপজেলা পরিষদের মাধ্যমে উপজেলার পতিত জমির প্রকৃত মালিক/চাষীদের মধ্যে বিনামূল্যে বিতরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং শ্রেষ্ঠ/ সফল সরিষা চাষীকে রাজস্ব তহবিল হতে ৫,০০০/- টাকা পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ** : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।
বাস্তবায়নে : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৮। **মৎস্য বিভাগ** : উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।

০৯। **শিক্ষা বিভাগ** : উপজেলা শিক্ষা অফিসার জানান যে, দক্ষিণ সুরমা উপজেলার ৫-১১ (১২ বছরের কম) বছর বয়সের শিশুদের জন্য পেডিয়াট্রিক ফর্মুলেশন ফাইজার বায়োএনটেক কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রম আগামী ১৬/১০/২০২২ থেকে শুরু হচ্ছে। শিশুদের কোভিড ভ্যাকসিন কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য জনপ্রতিনিধি, কর্মকর্তাবৃন্দ ও অভিভাবকগণদের অনুরোধ করেন। শিশুরা যাহাতে তাদের নিজস্ব বিদ্যালয়ে ভ্যাকসিন পেতে পারে এজন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মহোদয়কে উপজেলার প্রতিটি বিদ্যালয়ে একটি করে কেন্দ্র স্থাপন করে ভ্যাকসিন প্রদান করার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।
বাস্তবায়নে : উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

১১। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি সভায় Autusim এবং neurodevelopmental disorders বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হয় এবং Autusim এবং neurodevelopmental disorders বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করতে ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয় ।
বাস্তবায়নে : উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

১২। **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।
সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়।
বাস্তবায়নে : উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।
বাস্তবায়নে : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে জানান যে, আগামী ১৫ অক্টোবর ২০২২ বিশ্ব হাত ধোয়া দিবস। উক্ত দিবস সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।
বাস্তবায়নে : উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, দক্ষিণ সুরমা, সিলেট।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।

১৬। **যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, আগামী ০১ নভেম্বর ২০২২ যুব দিবস। উক্ত দিবস সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।
বাস্তবায়নে : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।

১৭। **বিবিধ : (ক) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মন্ত্রী পরিষদ বিভাগের সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ৫ জানুয়ারি ২০২১ তারিখের ০০৬ নম্বর স্মারকে বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।
সিদ্ধান্ত: বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: নিয়মিত মাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে: ইউপি চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**উপজেলা নির্বাহী অফিসারের বক্তব্য:** উপজেলা নির্বাহী অফিসার সভায় কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা "সারা দেশের এক ইঞ্চি জমিও যেন অনাবাদি না থাকে" তা বাস্তবায়নে কৃষি বিভাগকে আন্তরিকভাবে কাজ করার এবং প্রকৃত কৃষক যাচাই বাছাইসহ কৃষি প্রনোদনা বিতরণ কার্যক্রমে সরাসরি সম্পৃক্ত থেকে কৃষি কাজে কৃষকদেরকে উৎসাহ প্রদানের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যানদ্বয়, ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্যদেরকে অনুরোধ জানান।

**সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য :** জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যাগণ, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। প্রকৃত কষককে বীজসহ অন্যান্য কৃষি উপকরণ দেয়ার জন্য বলেন। ভালো কাজের জন্য প্রত্যেককে পুরস্কৃত করার জন্য বলেন। উপজেলার ৫-১১ (১২ বছরের কম) বছর বয়সের শিশুদের জন্য পেডিয়াট্রিক ফর্মুলেশন ফাইজার বায়োএনটেক comirnaty কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রমে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং জয় বাংলা বলে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আবু জাহিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২২. ৮৯৬/২ (৩০) তারিখঃ ১৩ অক্টোবর, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী ......................................................................................................সিলেট।
৮। উপ-পরিচালক ..............................................................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা .............................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান/প্রশাসক ...........................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম.................................. সদস্য...........................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

নূসরাত লায়লা নীরা
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

**পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:স্বাক্ষরের ক্রমানুসারে:**

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| **উপস্থিত কর্মকর্তাঃ** | **অনুপস্থিত কর্মকর্তাঃ** |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট<br>৭। উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা,সিলেট<br>৮। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। উপ- সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট |